

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৮৯

২. সালাত অধ্যায় (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫০. দিনের প্রথমভাগে (সকালে) চার রাকা'আত (চাশত/ দুহা'র) সালাত আদায় প্রসঙ্গে

بَابِ فِي أَرْبَعِ رَكَعَاتٍ فِي أَوَّلِ النَّهَارِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ عَنْ بُرْدٍ حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ مُوسَى عَنْ مُحُحُولٍ عَنْ كَثِيرِ بْنِ مُرَّةَ الْحَضْرَمِيِّ عَنْ قَيْسٍ الْجُذَامِيِّ عَنْ نُعَيْمِ بْنِ هَمَّارٍ الْغَطَفَانِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قَالَ اللَّهُ تَعَالَى ابْنَ آدَمَ صَلِّ لِي أَرْبَعَ رَكَعَاتٍ مِنْ أُوّلِ النَّهَارِ أَكْفِكَ آخِرَهُ أَوْلِ النَّهَارِ أَكْفِكَ آخِرَهُ

বাংলা

১৪৮৯. নুয়াইম ইবনু হাম্মারী আল গাত্বফানী থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আল্লাহ তা'আলা বলেন: 'হে আদম সন্তান! তুমি দিনের প্রথমভাগে আমার জন্য চার রাকা'আত সালাত আদায় করো, তাহলে আমি তোমার দিনের শেষভাগের জন্যও একে যথেষ্ট করে দেবো।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৫৩৩, ২৫৩৪ ও মাওয়ারিদুয যাম'আন নং ৬৩৪ তে। আবু দাউদ ১২৮৯; আহমাদ ৫/২৮৭; বাইহাকী ৩/৪৭-৪৮; এ বিষয়ে হাদীস বর্ণিত আছে উরুবাহ ইবনু আমির হতে মুসনাদুল মাউসিলী ৪/২৯৪ নং ১৭৫৭; আবী যারর ও আবী দারদা'আ হতে তিরমিয়ী ৪৭৫ তে। আরো দেখুন, মাজমাউয যাওয়াইদ ৫/২৩৫-২৩৬ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন